



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর: প্রশা-৫-১৩২/২/৩৭৪

২১ আগস্ট, ২০১৪

জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: যশোর শিক্ষা বোর্ডের নিবন্ধন, পরীক্ষার্থী নির্বাচন ও সকল ধরনের সেবার ফিস ব্যাংক ড্রাফট/টিটির পরিবর্তে অনলাইনে সোনালী সেবার মাধ্যমে জমা প্রসঙ্গে।

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রশাসনে ডিজিটাল কার্যক্রম বাস্তবায়নে যশোর শিক্ষা বোর্ড সর্বদা সচেষ্ট। মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষা মন্ত্রণালয় শিক্ষা ক্ষেত্রে ডিজিটাল কার্যক্রম বাস্তবায়নের বিশেষ নির্দেশনা রয়েছে। তারই ধারাবাহিকতায় যশোর শিক্ষা বোর্ডের সকল সেবার ফিস ব্যাংক ড্রাফট/টিটির পরিবর্তে অনলাইনে গ্রহণের জন্য ইনফরমেশন টেকনোলজী ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ও যশোর শিক্ষা বোর্ড যৌথভাবে সোনালী সেবা সফটওয়্যার তৈরী করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

এমতাবস্থায়, পত্র ইস্যুর তারিখ হতে ব্যাংক ড্রাফট ও টিটির পরিবর্তে শুধুমাত্র অনলাইনে সোনালী সেবা সফটওয়্যারের মাধ্যমে ফিস জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২০/৮/১৪

(প্রফেসর মো: আব্দুল মজিদ)

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন: ০৪২১-৬৮৬৪৪

ম্যানুয়াল:

যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.jessoreboard.gov.bd) প্রবেশ করে Home Page থেকে Sonali Seba মেন্যুতে Click করলে সোনালী সেবার মাধ্যমে ফিস প্রেরণের তথ্য ফরমটি পাওয়া যাবে। ফরমটির তথ্যাদি পূরণ করে Submit বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয়ভাবে ফিস প্রেরণের আবেদন ফরম পাওয়া যাবে। ফরমটি প্রিন্ট করে নিয়ে শুধুমাত্র সোনালী ব্যাংকের যে কোন অনলাইন RMSplus/sonali seba সফটওয়্যারের আওতাভুক্ত শাখায় ফিস জমা দিলে আবেদনের কার্যক্রম সম্পন্ন হবে।

বিঃদ্র: পরীক্ষার্থী নির্বাচন(eES)ও ছাত্র-ছাত্রী নিবন্ধন ফি Student Management এর Payable Fees মেন্যু থেকে জেনে নিয়ে ওয়েবসাইটের হোমপেজের Sonali Seba তথ্য ফরমের Amount (Taka) ফিল্ড এ টাইপ করতে হবে। অন্যান্য কাজের ক্ষেত্রে (ডকুমেন্ট উত্তোলন, পরীক্ষা শাখা, নাম ও বয়স সংশোধন, বিদ্যালয় ও কলেজ শাখার যে কোন কাজ) Payment Type সিলেক্ট করলে ফিসের ঘর Amount (Taka) ফিল্ডে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত ফিস পূরণ হবে।

সোনালী সেবার মাধ্যমে ফিস প্রেরণের যে কোন প্রয়োজনে যোগাযোগ করুন :

০১৭১৬-৪০৬০০০, ০১৭১১-৯৮৮১১২, ০১৭২৩-৪৩১৭৩৯, ০১৭৪৭-২৮৯৫১৯